উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাসঃ আগষ্ট/২০২১)

অধিবেশনঃ-১০৮

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৫ আগষ্ট, ২০২১ খ্রিঃ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ। |
| ০২। **মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়** মোবাইল ফোনের মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন। সকল সদস্যগণের আন্তরিক সহযোগীতা কামনা করেন। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের সকল সিদ্ধান্তে একমত পোষন করেন এবং সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন কেরন। | উপস্থিত সকল সদস্যগণ মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সুস্বাস্থ্য কামনা করেন। | |
| ০৩। **উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক সংশ্লিষ্ট অর্থ বছরের ব্যয়ের পর অবশিষ্ট অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তরের নির্দেশনা রয়েছে। ৩০ জুন/২০২১ খ্রিঃ তারিখ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যাংক হিসাব বিবরণীতে ১,৩৭,৫০,৩৩০/- টাকার স্থিতি পাওয়া যায় এবং উক্ত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদ ম্যানুয়াল, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক সংশ্লিষ্ট অর্থ বছরের ব্যয়ের পর অবশিষ্ট/ (৩০ জুন/২০২১ খ্রিঃ তারিখের) উদ্বৃত্ত অর্থ ১,৩৭,৫০,৩৩০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল, চলতি হিসাব নং- ২২৯৩ সোনালী ব্যাংক, নান্দাইল শাখা হতে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল, চলতি হিসাব নং- ৪৩৫০ সোনালী ব্যাংক নান্দাইল শাখায় স্থানান্তর হওয়ায় তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| ০৪। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা** কোভিড-১৯ করোনা ভ্যাকসিনেশন কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। সিনোফার্মা টিকা ইউনিয়ন পর্যায়ে গণ-হারে ১ম ডোজ ৭,১৫৬ জনকে প্রদান করা হয়েছে। যার লক্ষ্যমাত্রা ছিল ৭২০০ জনের। পৌসভায় ১ম ডোজ ৬০৮ জনকে প্রদান করা হয়। যার লক্ষ্যমাত্রা ছিল ৬০০ ডোজ। ২য় ডোজ টিকা নেয়ার পূর্বে অনলাইন করা আছে কিনা তা যাছাই করে টিকা নেয়ার জন্য আহ্বান জানান। স্বাভাবিক নিয়মে টিকার কাজ চলমান রয়েছে। অ্যাস্ট্রাজেনেকা টিকা ২য় ডোজে ১৪০০ ডোজ বাকি রয়েছে। যারা এখনও ২য় ডোজ অ্যাস্ট্রাজেনেকা টিকা গ্রহন করেনি তারা দ্রুত ২য় ডোজ নেয়ার জন্য অনুরোধ জানান। অত্র হাসপাতালে ২০ টি আলাদা (কারোনা) বেড রয়েছে। করোনা রাগীদের সেবা দেয়ার জন্য অত্র হাসপাতালে সুব্যবস্থা রয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | যারা এখনও ২য় ডোজ অ্যাস্ট্রাজেনেকা টিকা গ্রহন করেনি তাদেরকে দ্রুত ২য় ডোজ নেয়ার অনুরোধ করা হয়।<br><br>নীতিমালা মোতাবেক সকল সেবা কার্যক্রম সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ০৫। **উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণী সম্পদ বিভাগের বিভাগীয় সম্প্রসারণ কাজ বেশ সন্তোষজনক ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক কার্যসম্পাদন চুক্তির (এপিআর) ১৭টি সূচকের প্রতিটিতেই শতভাগের উপর লক্ষমাত্রা অর্জিত হয়েছে। এবছর ঈদ উল আযহায় নান্দাইলের স্থানীয় কৃষকদের গরু দিয়েই কোরবানীর কাজ সমাপ্ত হয়েছে। এই অর্থ বছরে দুইটি প্রকল্পের আওতায় নান্দাইল উপজেলায় সকল গরুকে ক্ষুরা রোগের টিকা প্রদান করা হবে। এছাড়া ছাগলের পিপিআর রোগের টিকা প্রদান করা হবে বিনামূল্যে। ইতোমধ্যে নান্দাইলে অনেক যুবক/যুবতী আত্ম কর্মসংস্থাপনের নিমিত্তে গবাদি পশু হাঁস মুরগী ও ছাগলের খামার স্থাপনে আগ্রহী হয়েছে। প্রাণীসম্পদ বিভাগ সব সময় তাদেরকে সহযোগীতা প্রদানের জন্য প্রস্তুত আছে। | বিভাগীয় সকল কাজ নীতিমালামোতাবেক সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ র্কমকর্তা, নান্দাইল। |
| ০৬। **উপজেলা কৃষি বিভাগ ঃ** রোপা আমন রোপন কার্যক্রম চলমান রয়েছে অদ্য পর্যন্ত ২১৭৫৫ হেঃ জমিতে হাইব্রিড, উফশী ও স্থানীয় জাতের রোপআমন আবাদ সম্পন্ন হয়েছে। রোপাআমন ফসলের সর্বোচ্চ ফলন নিশ্চিত করতে সঠিক সময়ে রোপন ও সুষম সারের ব্যবহার, পোকা মাকড় মদনে ফসলের জমিতে পার্চিং কার্যক্রম চলমান রয়েছে। সে লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারি কৃষি কর্মকর্তাগণ সর্বদা কৃষকদের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন।<br>চলতি রোপা আমন বিভিন্ন রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। অদ্য পর্যন্ত ইউরিয়া-২৫৪ মেঃটন, টিএসপি-৭০ মেঃটন, ডিএপি-১০৬ মেঃটন, এবং এমওপি-৯৭ মেঃটন সার মজুদ রয়েছে। আগষ্ট/২০২১ মাসে অত্র উপজেলায় ৮৩৩ মেঃটন ইউরিয়া সারের বরাদ্দ প্রদান করা হয়েছে। নিয়মিত ডিলারগণ রাসায়নিক সার উত্তোলন করে আসছেন। চলতি মৌসুমে সারের সংকট না হয় সে জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। পাশাপাশি ইউরিয়া ও নন ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ০৭। **উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, আগামী ২৮ আগষ্ট/২০২১ খ্রিঃ তারিখ হতে ০৩ সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সেবা সপ্তাহ পালিত হবে। উক্ত মৎস্য সেবা সপ্তাহ উদযাপনের (র‌্যালি হবেনা) জন্য সকল সদস্যগণের সহযোগিতা কামনা করেন। | ২৮ আগষ্ট/২০২১ খ্রিঃ তারিখ হতে ০৩ সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মৎস্য সেবা সপ্তাহ স্বাস্থ্য বিধি মেনে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| ০৮। **উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ১ম কিস্তি বাবদ ২৬.৯৭ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ইউপি চেয়ারম্যানগণকে স্কীম বাছাই এর জন্য আহ্বান জানান। | ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় স্কীম বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল। |
| ০৯। **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,** পরিবার পরিকল্পনা বিভাগরে কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে। করোনার কারনে লকডাউন এর সময় কাজেরগতি একটু কমছিল। কিন্তু বর্তমানে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প যথারিতী সংগঠিত হচ্ছে। | নীতিমালা মোতাবেক সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ১০। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের আওতার সকল প্রকল্পের কাজ পরিপত্র মোতাবেক বাস্তবায়ন করা হচ্ছে। টিআর, কাবিখা, ইজিপিপি,ভিজিএফ এবং ত্রান কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। বিভাগীয় সকল কাজ স্বাভাবিক রয়েছে। | নীতিমালা মোতাবেক সকল প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট ট্যাগ অফিসগন/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |

| | | |
|---|---|---|
| **১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** সংসদ টেলিভিশন, অনলাইন ক্লাশ ও এসাইমেন্ট এর মাধ্যমে শিক্ষা কার্যক্রম চালু আছে।<br>৬ষ্ঠ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ইউনিক আইডি তৈরির প্রস্তুতি চলছে।<br>তিনি আরও জানান যে, সরকার শিক্ষার্থীদের ইউনিক আইডি তৈরি করার কার্যক্রম গ্রহণ করেছে। শিক্ষার্থীদের ইউনিক আইডি তৈরি হলে খুব সহজেই এনআইডি এবং পাসপোর্ট করা যাবে। | সরকারী নির্দেশনা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,** উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের ২য় কিস্তি হতে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় উপজেলা সমাজসেবা কার্যালয়াধীন সকল ভাতাভোগীদের অর্থ জিটুপি পদ্ধতিতে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস (নগদ) এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। ভাতাভোগীর হিসেবে অর্থ ছাড়করণপূর্বক অর্থ প্রাপ্তির মাঠ পর্যায়ের বাস্তব চিত্রে দেখা যাচ্ছে যে, শতকরা ২-৫% উপকারভোগী তাদের সকল তথ্য সঠিক, এবং নির্ভুল থাকার পরও তাদের মোবাইলে অর্থ আসেনি, পিন নাম্বারজনিত সমস্যার কারণে টাকা উত্তোলন করতে না পেরে সমস্যা সমাধানে কোন সদুত্তোর না পাওয়া এবং খুবই উদ্বেগজনক বিষয় হলো কিছু কিছু ভাতাভোগীর মোবাইল নাম্বার হতে তাদের অজান্তে-অগোচরে টাকা ক্যাশ-আউট হয়ে যাচ্ছে। এছাড়া তিনি নান্দাইলে নিয়োগকৃত নগদ উদ্যোক্তা শাহীন টেলিকমের নিয়োগ পুন:মূল্যায়ন করে একজন সৎ ও দক্ষ নতুন নগদ প্রতিনিধি নিয়োগের জন্য নগদ কর্তৃপক্ষকে দৃষ্টি আকর্ষণ করেন। সমাজসেবা কর্মকর্তা বলেন যে, এমএফএস (নগদ) এর সাথে সমাজসেবা অধিদপ্তরের চুক্তি মোতাবেক ভাতাভোগীদের সমবেত করে ভাতাভোগীর তথ্য এমআইএস করা, নির্ভুল নগদ হিসাব খোলা, কোন ভুল নাম্বারে যেন টাকা না যায় তার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা, ভুল নাম্বারে টাকা চলে গেলে তার দায়িত্ব বহন করা, পিন নাম্বারজনিত সমস্যা সমাধান করা এবং ভাতাভোগীর অগোচরে টাকা ক্যাশ-আউট হয়ে যাওয়াসহ নানাবিধ যে সমস্যাগুলো রয়েছে তা সমাধান করার দায়িত্ব নগদ কর্তৃপক্ষের। চুক্তি মোতাবেক সমাজসেবার এখানে কোন দায়-দায়িত্ব নেই। বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে সমাজসেবা নগদ কর্তৃপক্ষকে যথাযথ সহযোগিতা প্রদান করবে অর্থাৎ সমাজসেবা ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে। সভায় উপস্থিত জনাব, আলম ফরাজি, সাংবাদিক, কালের কন্ঠ সমাজসেবা কর্মকর্তার অভিযোগগুলোকে সত্য বলে তিনি প্রতিটি অভিযোগের বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। সভায় জনাব সাজ্জাদ হোসেন, ইমরুল কায়েস, রাফসান জনি এবং আরো একজন নগদ প্রতিনিধি উপস্থিত ছিলেন। উপস্থিত নগদ প্রতিনিধি জনাব সাজ্জাদ হোসেন বলেন যে, বর্ণিত অভিযোগগুলোর বিষয়ে তিনি অবগত নন। সমাজসেবা কার্যালয় হতে তাকে আনুষ্ঠানিকভাবে জানানো হয়নি। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, সমাজসেবা কর্মকর্তা প্রতিটি অভিযোগ আমাকে অবহিত করেছেন এবং আমি যতদুর জানি তিনি লিখিত ও আনুষ্ঠানিকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করেছেন। উপজেলা চেয়ারম্যান মহোদয় সমাজসেবা কর্মকর্তাকে অভিযোগ সম্পর্কিত বিস্তারিত তথ্য উপস্থাপন করতে বলেন। সভায় সমাজসেবা কর্মকর্তা উদ্ভুত সমস্যার সমাধানকল্পে গৃহিত ব্যবস্থার সকল চিঠি-পত্র উপস্থাপন করে বলেন যে, উদ্ভুত সমস্যাগুলির সমাধানকল্পে দাপ্তরিকভাবে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা-পর্যালোচনার পর উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, আমরা সমালোচনা চাই না, আমরা সমাধান চাই। নগদ | ০১। উপজেলা সমাজসেবা কার্যালয় নগদ সংশ্লিষ্ট সকল সম্যসা লিখিত/মৌখিকভাবে নগদ কর্তৃপক্ষকে অবহিত করবে এবং উপকারভোগী যেন তাদের সমস্যা নিয়ে সরাসরি নগদের নিকট যেতে পারে তার জন্য নগদ কর্তৃপক্ষকে উপজেলা পর্যায়ে নগদ সেবা কেন্দ্র স্থাপন করতে হবে।<br>০২। নগদ সংশ্লিষ্ট সকল সমস্যা নগদ কর্তৃপক্ষ সমাধান করবে।<br>০৩। বর্তমানে নগদ কর্তৃক নিয়োগকৃত শাহীন টেলিকমের নিয়োগ বাতিল করে নতুন একজন সৎ ও দক্ষ নগদ উদ্যোক্তা নিয়োগ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও নগদ কর্তৃপক্ষ<br>নগদ কর্তৃপক্ষ।<br>নগদ কর্তৃপক্ষ। |

| | | |
|---|---|---|
| প্রতিনিধি জনাব সাজ্জাদ হোসেন চেয়ারম্যান মহোদয়ের সাথে একমত পোষণ করে বর্ণিত সমস্যার সমাধানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন। | | |
| ১৩। **উপজেলা যুব উন্নয়ন কর্তকর্তা সভায় জানান,** ২০২১-২০২২ অর্থ বছরে ১৪টি ব্যাচে ৭দিন মেয়াদী বিভিন্ন ট্রেডে (গরুমোটাতাজা করন, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, পোষাক তৈরী ও স্থানীয় চাহিদা ভিত্তিতে) ৩০ জন করে ৪২০ জন যুব ও যুব নারীদেরকে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণের ১ম ব্যাচ সেপ্টেম্বর/২১ এর ৪র্থ সপ্তহে শুরু হবে। ঋণ ও অন্যান্য কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন হচ্ছে। | ২০২১-২০২২ অর্থ বছরে ১৪টি ব্যাচে ৭দিন মেয়াদী বিভিন্ন ট্রেডে ৩০ জন করে ৪২০ জন যুব ও যুব নারীদেরকে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণগুলি নীতিমালা মোতাবেক সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১৪। **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,** বীরবেতাগৈর, নান্দাইল, খারুয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ভিজিডি মাল সঠিকভাবে বিতরন করার জন্য অনুরোধ জানান।<br>মাতৃত্ব ভাতার তালিকা, কিশোর-কিশোরী ক্লাব এবং ফ্যাশন ডিজাইনের ট্রেনিং বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | বীরবেতাগৈর, নান্দাইল, খারুয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ভিজিডি মাল সঠিকভাবে বিতরন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ। |
| ১৫। **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সষ্টেশণ অফিসার জানান যে,** সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ষ্টেশন অফিসার, নান্দাইল। |
| ১৬। **উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে,** বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) নান্দাইল। |
| ১৭। **সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান** জেলা প্রশাসক ময়মনসিংহ মহোদয় অত্র উপজেলার আশ্রয়ন প্রকল্পের ঘর পরিদর্শন করেন। পরিদর্শনের পর ঘরগুলি যেন ভেঙ্গে না পরে সে জন্য জরুরী ভিত্তিতে প্যালাসাইডিং করন, ঘরের বিভিন্ন জয়গার ফাটল মেরামত করন কাজগুলি দ্রুত বাস্তবায়নের জন্য মৌখিক নির্দেশনা প্রদান করেন। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় বিভিন্ন ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পের ঘরের প্যালাসাইডিং করন, মেরামত করন, রাস্তার পার্শ্ব প্যালাসাইডিং করণ, রাস্তার বেসফিলিং করণ ও মাটি ভরাট, এবং ইউড্রেন, বক্স কালভার্ট নির্মাণ বিষয়ে উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে প্রাক্কলনসহ ৭টি স্কীমের তালিকা (পরিশিষ্ট-খ) এবং উক্ত কাজগুলি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন।<br><br>তিনি আরও জানান যে, জেলা কৃষি কমিটির সভায় নাহার এন্টার প্রাইজ, নান্দাইলকে চরবেতাগৈর ইউনিয়নের সার ডিলার নিয়োগের জন্য সুপারিশ প্রদানের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন।<br><br>অত্র উপজেলায় বিভিন্ন ইউনিয়নে এবং গ্রামে অগ্নিকান্ডের ঘটনা ঘটে এবং প্রাকৃতিক দূর্যোগে ঝড় হয়। এতে বসত ঘর, গোয়াল ঘর, বিভিন্ন বাজারের দোকান ঘরের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। উক্ত ক্ষতিগ্রস্ত ব্যক্তিগন উপজেলা পরিষদ হতে আর্থিক সাহায্য পাওয়ার জন্য আবেদন পত্র দাখিল করেন। আবেদন পত্র (পরিশিষ্ট-গ তালিকা) সভায় উত্থাপন করেন। উক্ত ২০২১-২০২২ অর্থ বছরের আওতায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর অপ্রত্যাশিত খাত হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের জন্য উত্থাপন করেন।<br><br>তিনি আরও জানান যে, গাজী মোঃ আব্দুল হক (বীরমুক্তিযোদ্ধা), পিতা-মৃত-আব্দুল গফুর মুন্সী, গ্রাম- অরন্যপাশা, নান্দাইল, ময়মনসিংহ। অরন্যপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে নান্দাইল রোড রেল স্টেশন ৪০০ গজ দক্ষিনে ইউনিয়ন পরিষদ সংযোগ রাস্তাটি গাজী জনাব মোঃ আব্দুল হক (বীরমুক্তযোদ্ধা) মুক্তিযোদ্ধার নামে রাস্তা নাম করন এবং বীরমুক্তিযোদ্ধা মোঃ আঃ রশিদ, পিতা-মৃত- আঃ জব্বার, গ্রাম-রাজাবাড়ীয়া। শেরপুর ইউনিয়নে চামটা হতে কালিয়ান পর্যন্ত রাস্তা জনাব মোঃ আঃ রশিদ (বীরমুক্তযোদ্ধা) নামে রাস্তা নাম করনের জন্য আবেদন পত্র দাখিল করেছেন। উক্ত আবেদন পত্র সভায় উত্থাপন করেন।<br>অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ রাস্তা, কালভার্ট নির্মান, প্যালাসাইডিং করণ ও অন্যান্য প্রকল্পসহ মোট ৮টি (পরিশিষ্ট-খ) স্কীমসহ প্রাক্কলন সভায় উত্থাপন করেন। এবং উক্ত কাজগুলি দ্রুত বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল নীতিমালা মোতাবেক ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পের ঘর মেরামত ও প্যালাসাইডিং করণ,জনগুরুত্বপূর্ণ রাস্তা, কালভার্ট নির্মান, প্যালাসাইডিং করণ ও অন্যান্য প্রকল্পসহ মোট ৭টি (সংযুক্ত পরিশিষ্ট-খ তালিকা) স্কীমের ৫২,০৪,৯৩২/- টাকা কোটেশনের মাধ্যমে উপজেলা প্রকৌশলী, নান্দাইল কাজ বাস্তবায়ন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।<br><br>জেলা কৃষি কমিটির সভায় নাহার এন্টার প্রাইজ, নান্দাইলকে চরবেতাগৈর ইউনিয়নের সার ডিলার নিয়োগের জন্য সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২০২১-২০২২ অর্থ বছরের আওতায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর অপ্রত্যাশিত খাত হতে (পরিশিষ্ট-গ তালিকায় উল্লেখিত বরাদ্দ মোতাবেক)=২,২০,০০০/- আর্থিক সাহায্য প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। এবং উক্ত ব্যয়ে এক অর্থ বছরের ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।<br><br>অরন্যপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে নান্দাইল রোড রেল স্টেশন ৪০০ গজ দক্ষিনে ইউনিয়ন পরিষদ সংযোগ রাস্তাটি গাজী মোঃ আব্দুল হক (বীরমুক্তযোদ্ধা) মুক্তিযোদ্ধার নামে রাস্তা নাম করন এবং শেরপুর ইউনিয়নে চামটা হতে কালিয়ান পর্যন্ত রাস্তা মোঃ আঃ রশিদ (বীরমুক্তযোদ্ধা) নামে রাস্তা নাম করনের জন্য সর্বম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) নান্দাইল, ময়মনসিংহ।<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ।<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল।<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল/ উপজেলা নির্বাহী অফিসার। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

২৫/৮/২১

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২০-২২২

তারিখ ঃ-২৫/০৮/২০২১ খ্রিঃ ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল ।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। জনাব মোহাম্মদ আবুল মনসুর, উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ ।
৬। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ ।
৭। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ ।
৮। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ ।
৯। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ ।
১০। চেয়ারম্যান ---------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ ।
১১। অফিস কপি ।

২৫/০৮/২০২১

(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ ।